

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৯, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-৫
প্রজ্ঞাপন

তারিখ, ৫ অগ্রহায়ণ ১৪১০/১৯ নভেম্বর ২০০৩

এস.আর.ও নং ৩২১-আইন/২০০৩—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর Section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-৫-২০০৩ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৩৩-আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও বনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance ২০-০৫-২০০৩ইং তারিখ হইতে ছয় মাসের জন্য প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহার মেয়াদ আগামী ১৯-১১-২০০৩ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ তৈল, গ্যাস ও বনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance অব্যাহতভাবে প্রয়োগের প্রয়োজনীয়তা বিদ্যমান রহিয়াছে;

সেহেতু সরকার, উক্ত Ordinance এর Section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে, এতদ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও বনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আগামী ২০-১১-২০০৩ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুল কুদ্দুস
উপ-সচিব(শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১১৭২৭)

মূল্য : টাকা ১.০০